# বাংলাদেশ জিআইএস প্লাটফর্ম (বিজিআইএসপি) পরিচালনা গাইডলাইন, ২০২১

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

# বাংলাদেশ জিআইএস প্লাটফর্ম (বিজিআইএসপি) পরিচালনা গাইডলাইন, ২০২১

১.ভূমিকা

ভূ-পৃষ্ঠের কোনো স্থান সম্পর্কিত তথ্য-উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণের জন্য ভৌগোলিক তথ্য ব্যবস্থা(Geographic Information System, GIS) প্রযুক্তি ব্যবহার করে বিশ্বের অনেক দেশ তাদের উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নসহ নানা ধরনের সেবামূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। জাতিসংঘের সদস্য রাষ্ট্রসমূহের মধ্যে ভূ-স্থানিক তথ্য ভাণ্ডার (Geospatial Database) এর সঙ্গে পরিসংখ্যান (Statistics) এর সমন্বয় করে উন্নয়ন ত্বরান্বিত করার উৎসাহ যুগিয়ে যাচ্ছে। বাংলাদেশও বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে বিভিন্ন ক্ষেত্রে এটির ব্যবহার দ্রুত সম্প্রসারণ করে যাচ্ছে। বিশেষ করে শুমারি বা জরিপ পরিচালনা, ভূমির ব্যবহার, নগর উন্নয়ন পরিকল্পনা, পরিবহন, বন, গ্যাস, পেট্রোলিয়ামসহ বিভিন্ন সেবা খাতে জিআইএস প্রযুক্তির ব্যবহার ব্যাপকভাবে বৃদ্ধি পাচ্ছে। উল্লেখ্য, সরকারের পাশাপাশি বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও ব্যক্তিগত পর্যায়েও অনেকেই বিভিন্ন ক্ষেত্রে জিআইএস প্রযুক্তি ব্যবহার করছেন।

বর্তমানে যেসব সংস্থা জিআইএস কার্যক্রম পরিচালনা করছে, সেগুলোর মধ্যে বস্তুত কার্যকর সমন্বয় না থাকায় তথ্য-উপাত্ত প্রস্তুতকরণ ও সংকলনে দ্বৈততা (duplicity) সৃষ্টি, সময় ও অর্থের অপচয় হওয়ার সুযোগ তৈরি হচ্ছে। ফলে, জিআইএস সংক্রান্ত উন্নয়ন কার্যক্রম কাঙ্ক্ষিত হারে বৃদ্ধি পাচ্ছে না। এ অবস্থা থেকে উত্তরণে সরকারি-বেসরকারি সংস্থার মধ্যে কার্যকর যোগাযোগ প্রতিষ্ঠা, পারস্পরিক তথ্যের আদান-প্রদান ও সমন্বয় সাধন অত্যন্ত জরুরি। দেশের সকল জিআইএস তথ্য-উপাত্ত প্রস্তুতকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয় এবং তাদের প্রস্তুত তথ্য-উপাত্ত একই স্থানে সংরক্ষণ করে জনগণের ব্যবহারোপযোগী করে তোলার লক্ষ্যে একটি প্লাটফর্ম গঠন করা প্রয়োজন মর্মে সংশ্লিষ্ট জিআইএস ব্যবহারী গোষ্ঠী ও বিশেষজ্ঞদের অভিমত। পরিসংখ্যান আইন, ২০১৩-এর ৬(থ) উপ-ধারা বলে জিআইএস কার্যক্রম পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান/সংস্থাগুলোর মধ্যে সমন্বয় সাধন এবং তাদের প্রস্তুত তথ্য-উপাত্ত একই স্থানে সংরক্ষণ এবং জনসাধারণের ব্যবহারোপযোগী করে বিতরণের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের স্মারক নং ৫২.০০৮.০১১.০৮.০০.৭০০. ২০১৩-২৭১/২ তারিখঃ ৩০/০৬/২০১৬ মূলে বাংলাদেশ জিআইএস প্লাটফর্ম (বিজিআইএসপি) গঠন করা হয়। একইসঙ্গে গত ১১/১২/২০১৬ তারিখের ৫২.০১৮.০১৬.০০.০০.০১৭. ২০১৩ (অংশ-১) নম্বর প্রজ্ঞাপনমূলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা নীতিমালা, ২০১৬-এর উপ-অনুচ্ছেদ ৪(ঝ), ৭(খ), ৭(জ), ৭(ঢ) সহ সংশ্লিষ্ট সকল নির্দেশনানুযায়ী বিজিআইএসপি গঠন এবং এর কার্যক্রম বিস্তৃত করার উল্লেখ রয়েছে। সে অনুযায়ী বিজিআইএসপি'র কার্যক্রম জোরদার ও ব্যাপক প্রসারের লক্ষ্যে বিজিআইএসপি গাইডলাইন প্রণয়ন একান্ত প্রয়োজন।

২. উদ্দেশ্য

২.১. সরকারি-বেসরকারি পর্যায়ে প্রস্তুত জিআইএস তথ্য-উপাত্ত একই স্থানে সংরক্ষণ এবং জনসাধারণের ব্যবহারোপযোগীক্রমে বিতরণসহ সমগ্র ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিকীকরণ;

২.২.দেশীয় ও আন্তর্জাতিক মানসম্মত ও ব্যবহারবান্ধব জিআইএস সংক্রান্ত তথ্য-উপাত্ত উৎপাদন, সংগ্রহ, সমন্বয় ও পরিচালনা;

২.৩. জিআইএস সংক্রান্ত দক্ষ জনবল সৃজন ও তাদের সার্ভিস পুল গঠন, জাতীয় নীতি-নির্ধারণে জিইএস বিশেষজ্ঞদের অন্তর্ভুক্তকরণ;

২.৪. জাতীয় ও স্থানীয় পর্যায়ের উন্নয়ন পরিকল্পনায় জিআইএসকে অন্তর্ভুক্তকরণের পলিসি গ্রহণ; এবং

২.৫. জিআইএস সংক্রান্ত গবেষণা ও উন্নয়ন এবং এতদসংক্রান্ত উত্তম চর্চার অনুসন্ধান ও রূপায়নে উৎসাহ ও প্রণোদনা প্রদান।

৩. কার্যাবলি:

৩.১ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'তে একটি ডেটা মাইনিং প্রতিষ্ঠা করে সেখানে সরকারি-বেসরকারি পর্যায়ে প্রস্তুত জিআইএস তথ্য-উপাত্ত সংরক্ষণ এবং জনসাধারণের ব্যবহারোপযোগীকরণ;

৩.২ এসকল তথ্য-উপাত্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র অথবা সুবিধাজনক কোন ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ ও বিতরণ;

৩.৩ জিআইএস সংক্রান্ত তথ্য সংগ্রহ, ব্যবহারোপযোগী করে প্রকাশ এবং বিতরণ করার ব্যবস্থাপনাকে প্রাতিষ্ঠানিকীকরণের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র নিজস্ব ব্যবস্থাপনা কাঠামোতে অন্তর্ভুক্তকরণ;

৩.৪ দেশীয় ও আন্তর্জাতিক মানের জিআইএস তথ্য-উপাত্ত উৎপাদন, সংগ্রহ, পরিচালন ও ব্যবহারের উপযুক্ত মানদণ্ড তৈরি ব্যবহার ও সঠিক অবকাঠামো উন্নয়নের কার্যক্রম গ্রহণ;

৩.৫ জিআইএস সংক্রান্ত দক্ষ জনবল সৃজনের বিষয়ে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে উৎসাহ প্রদান এবং তাদের কর্মসংস্থানের বিষয়ে অ্যাডভোকেসি কার্যক্রম পরিচালনা;

৩.৬ জিআইএস বিশেষজ্ঞদের নিয়ে একটি সার্ভিস পুল গঠন করে তাদের মাধ্যমে সরকারি- বেসরকারি প্রতিষ্ঠানে জিআইএস সেবা প্রদান;

৩.৭ জাতীয় নীতি-নির্ধারণে জিআইএস বিশেষজ্ঞদের অন্তর্ভুক্তকরণের জন্য সরকারি-বেসরকারি নীতি নির্ধারকদের সাথে নিয়মিত আলাপ-আলোচনা অনুষ্ঠান;

৩.৮ এ কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠান ও জনবলকে আরো দক্ষ করে গড়ে তোলা এবং উন্নত ও সর্বশেষ প্রযুক্তির সাথে পরিচিত করার জন্য জিআইএস ও রিমোট সেন্সিং, GNSS (Global Navigation Satellite System) ইত্যাদি বিষয়ক প্রশিক্ষণসহ আন্তর্জাতিক পর্যায়ের জিআইএস প্রতিষ্ঠানের সাথে কার্যকর যোগাযোগ প্রতিষ্ঠার মাধ্যমে এর বৃহৎ পরিসর সৃজনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

৩.৯ দেশীয় ও আন্তর্জাতিক রীতি-নীতির আলোকে মানচিত্র তৈরি, প্রচার ও ব্যবহারের অভিন্ন পন্থা অবলম্বন, বিশেষ করে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ যাতে এসব কলা-কৌশল রপ্ত করতে পারে, তার জন্য উপযুক্ত কার্যক্রম গ্রহণ;

৩.১০ বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন, মৌজা/গ্রামের নানা বিষয়ে থিমেটিক মানচিত্র প্রস্তুতির ক্ষেত্রে অভিন্নতা বজায় রাখা ও দ্বৈততা পরিহারকরণ;

৩.১১ জাতীয় পর্যায়ে জিআইএস সংক্রান্ত মেটাডাটা তৈরিতে সহায়তা প্রদান ও এর সমন্বয় সাধন;

৩.১২ দেশের সকল প্রশাসনিক ইউনিটের সীমানা নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সঙ্গে সমন্বয় সাধন;

৩.১৩ বাস্তবতার প্রেক্ষাপটে জিআইএস প্লাটফর্ম পরিপত্রে বর্ণিত কার্যাবলির পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন;

৩.১৪ প্রতি ৩ (তিন) মাস অন্তর এ প্লাটফর্মের অন্তত ১টি সভার আয়োজন;

৩.১৫ জিআইএস কার্যক্রমকে জনপ্রিয় ও জোরদার করার লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থাগুলোর মধ্যে প্লাটফর্মের মধ্যে কার্যকর ও আন্তঃযোগাযোগ প্রতিষ্ঠাসহ জিআইএস বিষয়ক লিফলেট, অ্যাডভোকেসি উপকরণ তৈরি ও বিতরণ এবং প্রণোদনা প্রদান;

৩.১৬ জিআইএস এর বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত গবেষণা ও উন্নয়নের লক্ষ্যে জাতীয় পর্যায়ে উৎসাহ ও প্রণোদনা প্রদান;

৩.১৭ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে রিমোট সেন্সিং ও জিআইএস ভিত্তিক গবেষণায় যে কোনো নিবন্ধিত সংস্থা বা ব্যক্তি পর্যায়ে জরিপ, ম্যাপিং এবং তৎসম্পর্কিত কার্যক্রমে উৎসাহ ও সহযোগিতা প্রদান;

৩.১৮ জাতীয় ও স্থানীয় পর্যায়ের উন্নয়ন পরিকল্পনায় জিআইএসকে অন্তর্ভুক্তকরণের পলিসি গ্রহণ;

৩.১৯ বিজিআইএসপি'র মাধ্যমে দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার জিআইএস সংক্রান্ত উত্তম চর্চা (Good Practice) চিহ্নিতকরণ ও রূপায়নে উৎসাহ প্রদান।

## ৪. বাংলাদেশ জিআইএস প্লাটফর্ম (বিজিআইএসপি) পরিচালনা কমিটির গঠন কাঠামো

নিম্নলিখিত সদস্যবর্গের সমন্বয়ে বিজিআইএসপি পরিচালনা কমিটি গঠিত হবে:

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | : সভাপতি |
| ২) প্রতিনিধি, বাংলাদেশ জরিপ অধিদপ্তর | : সদস্য |
| ৩) প্রতিনিধি, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) | : সদস্য |
| ৪) প্রতিনিধি, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | : সদস্য |
| ৫) প্রতিনিধি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | : সদস্য |
| ৬) প্রতিনিধি, বন অধিদপ্তর | : সদস্য |
| ৭) প্রতিনিধি, সড়ক ও জনপথ অধিদপ্তর | : সদস্য |
| ৮) প্রতিনিধি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | : সদস্য |
| ৯) প্রতিনিধি, ঢাকা ওয়াসা | : সদস্য |
| ১০) প্রতিনিধি, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (BIWTA) | : সদস্য |
| ১১) প্রতিনিধি, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | : সদস্য |
| ১২) প্রতিনিধি, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | : সদস্য |
| ১৩) প্রতিনিধি, Center for Environmental and Geographic Information Service (CEGIS) | : সদস্য |
| ১৪) প্রতিনিধি, ভূগোল ও পরিবেশবিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | : সদস্য |
| ১৫) প্রতিনিধি, ভূগোল ও পরিবেশ বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | : সদস্য |
| ১৬) প্রতিনিধি, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | : সদস্য |
| ১৭) প্রতিনিধি, বাংলাদেশ মহাকাশগবেষণা ও দূর অনুধাবনসংস্থা (SPARRSO) | : সদস্য |
| ১৮) প্রতিনিধি, রাজধানীউন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) | : সদস্য |
| ১৯) প্রতিনিধি, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর | : সদস্য |
| ২০) প্রতিনিধি, পানিসম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) | : সদস্য |
| ২১) সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | : সদস্য |
| ২২) পরিচালক, কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | : সদস্য-সচিব |

### ৪.১ কমিটির কার্যপরিধি

৪.১.১ বিজিআইএসপি'রকার্যক্রম পরিচালনায় পরিসংখ্যান আইন, ২০১৩, তথ্য অধিকার আইন, ২০০৯, ২০১৬ সালে জারিকৃত বিজিআইএসপি পরিপত্র এবং জিআইএস সংক্রান্ত বিধি-বিধান, নীতিমালা ইত্যাদিসহ অন্যান্য আইনের অনুসরণ;

৪.১.২ প্রাথমিকভাবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো একটি Data Mining/Archive প্রতিষ্ঠা করে দেশের সকল জিআইএসসংক্রান্ত তথ্য-উপাত্ত সংরক্ষণ ও বিতরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;

৪.১.৩ জিআইএস তথ্য-উপাত্ত একই স্থানে সংরক্ষণ এবং জনসাধারণের ব্যবহারোপযোগী করে বিতরণ ব্যবস্থাপনাকে প্রাতিষ্ঠানিকীকরণের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ব্যবস্থাপনা কাঠামোতে প্রয়োজনীয় ও উপযুক্ত জনবল সৃষ্টির সুপারিশ প্রদান;

৪.১.৪ প্রাথমিকভাবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ওয়েবসাইটে জিআইএস সংক্রান্ত সংগৃহীত সকল তথ্য প্রকাশ ও প্রযোজ্যক্ষেত্রে ডাউনলোডকরার যাবতীয় সুযোগ সৃষ্টি করা হবে। পরবর্তীতে প্রয়োজন হলে বিজিআইএসপি একটি স্বতন্ত্র ওয়েবসাইট (জিও ওয়েবপোর্টাল: www.gis.gov.bd) স্থাপন ও পরিচালনা;

৪.১.৫ প্রাথমিকভাবে বাংলাদেশে যেসকল সরকারি প্রতিষ্ঠান জিআইএস সংক্রান্ত কাজের সাথে সম্পৃক্ত, সেসকলপ্রতিষ্ঠানকে এ প্লাটফর্মের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান জিআইএস বিষয়ে অভিজ্ঞ এমন একজন কর্মকর্তাকে ফোকাল পার্সন মনোনীত করবে। পরবর্তীতে প্লাটফর্মের সংখ্যাগরিষ্ঠ সদস্যদের মতামতের ভিত্তিতে জিআইএস সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানকেও অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ;

৪.১.৬ বিজিআইএসপি'র সকল সদস্য সংস্থা নিজ নিজ প্রতিষ্ঠান বা জাতীয় প্রয়োজনে কোনো উল্লেখযোগ্য জিআইএস সংক্রান্ত কর্মকাণ্ড শুরু করার পূর্বে প্লাটফর্মকে অবহিত করবে। এ বিষয়ে আলোচনার জন্য প্লাটফর্ম যত দ্রুত সম্ভব সভা আহ্বান করবে। প্রস্তাবিত কার্যক্রম যাতে জাতীয় ও আন্তর্জাতিক মানদণ্ডে গ্রহণযোগ্য হয়, সে বিষয়েও প্লাটফর্ম কর্তৃক প্রয়োজনীয় পরামর্শ এবং কারিগরি সহযোগিতা প্রদান;

৪.১.৭ দ্বৈততা পরিহার, সময় ও অর্থ অপচয় রোধে একই ধরনের কাজ যাতে একাধিক প্রতিষ্ঠান দ্বারা সম্পাদিত না হয়, সে বিষয়ে উদ্যোগ গ্রহণ;

৪.১.৮ দেশের উন্নয়নকে টেকসই করার জন্য জিআইএস সম্পর্কিত জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের উত্তম চর্চাগুলো খুঁজে বের করে তা রূপায়নের উদ্যোগ গ্রহণ;

৪.১.৯ এ প্লাটফর্ম জিআইএস সম্পর্কিত বিভিন্ন আঞ্চলিক প্রতিষ্ঠান, যেমন,Asia-Pacific Spatial Data Infrastructure(APSDI) এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠান, যেমন, Global Spatial Data Infrastructure (APSDI), Global Earth Observation System of Systems (GEOSS), International Steering Committee for Global Mapping (ISCGM), Environmental Service Research Institute (ESRI)প্রভৃতির সঙ্গেঘনিষ্ঠ যোগাযোগ স্থাপন এবং এতদসংক্রান্ত হালফিল তথ্যাদি বিনিময়;

৪.১.১০ জাতীয়পর্যায়ে জিআইএস সংক্রান্ত মেটাডাটা তৈরি করতে সহায়তা প্রদান ও সমন্বয় সাধন;

৪.১.১১ এ প্লাটফরম জিআইএসসংক্রান্তউপাত্ত প্রস্তুত, সংরক্ষণ ও আদান-প্রদানসহ এর সার্বিক পরিচালনার জন্য সময় সময় দিক-নির্দেশনা জারীকরণ;

৪.১.১২ Vector ও Raster Databaseসহ জিআইএস এর সকল সুফল যাতে তৃণমূল পর্যায়ের জনসাধারণ পেতে পারে, তার জন্য যথাযথ কার্যক্রম গ্রহণ;

৪.১.১২ যেসকল সংস্থা জিআইএসবিষয়ে কর্মকাণ্ড পরিচালনা করে, তাদেরকে প্লাটফর্মের পক্ষ থেকে নানা ধরনের উৎসাহ ও প্রণোদনা প্রদান;

৪.১.১৩ ন্যূনতম প্রতি ৩ (তিন) মাসে এ প্লাটফর্মের সভা অনুষ্ঠান;

৪.১.১৪ জিআইএস প্লাটফর্মের পরিপত্রে বর্ণিত কার্যাবলি বাস্তবতার প্রেক্ষাপটে পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জনকরণ;

৪.১.১৫ এ প্লাটফর্ম ভূ-স্থানিকতথ্যাদি সংক্রান্ত নীতি প্রণয়ন এবং কারিগরি উন্নয়নেNational Spatial Data Infrastructure (NSDI) এর উন্নয়ন ও রক্ষণাবেক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৪.১.১৫ কমিটি বিভিন্ন আইন, প্রবিধান, বিধিমালা ও নীতিমালার আলোকে সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠান স্থানিক (Spatial) উপাত্ত তৈরি ও ব্যবহার করছে কি-না, তা পরিবীক্ষণ;

৪.১.১৬ কমিটি প্রয়োজন মনে করলে, দেশি-বিদেশি জিআইএস সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের পরামর্শ গ্রহণ;

৪.১.১৭ সদস্য সংস্থার সঙ্গে সমন্বয়সাধন ও নতুন সংস্থাসমূহকে অন্তর্ভুক্তকরণ, যেমন,NSDI;

৪.১.১৮ জাতীয় পর্যায়ের জিআইএস ডেটার মান নির্ধারণ (Projection, Scale, Quality etc.,) সংক্রান্ত পরামর্শ প্রদান;

৪.১.১৯ জিআইএস বিষয়ে জনসচেতনতা তৈরি এবং গণযোগাযোগ বৃদ্ধিকল্পে বিজিআইএসপি বিভিন্ন সময়ে বিভিন্ন কর্মসূচি, যেমন, জিআইএস দিবস প্রবর্তন ও পালন এবং জিআইএস মেলা, রোড শো, সভা, সেমিনার, সিম্পোজিয়াম, টক শো ইত্যাদির আয়োজন;

৪.১.২০ বিজিআইএসপি কার্যকর ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনে বিভিন্ন কমিটি গঠন ও তার কার্যাবলি প্রণয়ন;

৪.১.২১ বিজিআইএসপির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সরকার, উন্নয়ন সহযোগী, দেশি-বিদেশি ও অন্যান্য সংস্থা হতে অর্থ সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৪.১.২২ কর্মভিত্তিক গাইডলাইন (জিওপোর্টাল গাইডলাইন, সদস্যভুক্তি গাইডলাইন, জিআইএস/মেটাডেটা গাইডলাইন, দূর অনুধাবন গাইডলাইন, প্রক্ষেপণ গাইডলাইন) প্রভৃতি প্রণয়ন; এবং

৪.১.২৩ প্রয়োজনে কমিটি পুনর্গঠন ও নতুন সদস্য অন্তর্ভুক্তকরণ।

## ৫. কারিগরি কমিটি

৫.১ নিম্নলিখিত সদস্যবর্গের সমন্বয়ে বিজিআইএসপি'র একটি কারিগরি কমিটি গঠিত হবে:

(১) পরিচালক (কম্পিউটার উইং), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো : সভাপতি

| | | |
|---|---|---|
| (২) | প্রতিনিধি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | : সদস্য |
| (৩) | প্রতিনিধি, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | : সদস্য |
| (৪) | প্রতিনিধি, ভূগোল ও পরিবেশ বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | : সদস্য |
| (৫) | প্রতিনিধি, কম্পিউটার বিজ্ঞান প্রকৌশল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | : সদস্য |
| (৬) | প্রতিনিধি, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা) | : সদস্য |
| (৭) | সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | : সদস্য |
| (৮) | প্রতিনিধি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | : সদস্য |
| (৯) | প্রতিনিধি, বাংলাদেশ জরিপ অধিদপ্তর | : সদস্য |
| (১০) | প্রতিনিধি, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | : সদস্য |
| (১১) | কার্টোগ্রাফার/প্রোগ্রামার, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | :সদস্য-সচিব |

**৫.২ কমিটির কার্যপরিধি**

৫.২.১ জিআইএস সংক্রান্ত উপাত্ত সংগ্রহ করার জন্য প্রতিষ্ঠান/সংস্থা চিহ্নিতকরণ;

৫.২.২ প্রত্যাশী সংস্থা প্লাটফর্মে প্রাথমিক উপাত্ত সংগ্রহ ও প্রেরণের ফরম্যাট প্রস্তুতপূর্বক প্রত্যাশী সংস্থার নিকট তা প্রেরণ ও প্রত্যাশিত উপাত্ত সংগ্রহকরণ;

৫.২.৩ সংগৃহীত উপাত্ত বিজিআইএসপি'র অনুমোদনক্রমে সংশ্লিষ্ট ওয়েবসাইটে আপেলোডকরণ;

৫.২.৪ প্লাটফর্মেও ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদকরণসহ দেশি-বিদেশি এতদসংক্রান্ত উত্তম চর্চাগুলো সংশ্লিষ্ট কমিটির অনুমোদন সাপেক্ষে আপলোডকরণ;

৫.২.৫ কমিটি কর্তৃক প্লাটফর্মেও উন্নয়নসহ জাতীয় প্রয়োজনে বিজিআইএসপি পরিচালনা কমিটিকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

৫.২.৬ বিজিআইএসপি পরিচালনা কমিটির সিদ্ধান্তসমূহের যথাযথ বাস্তবায়ন;

৫.২.৭ প্রয়োজনে কমিটির সদস্য পরিবর্তন কিংবা নতুন সদস্য অন্তর্ভুক্তকরণ;

৫.২.৮ প্রতি ২ (দুই) মাসে একবার সভা অনুষ্ঠান।

**৬। ভূ-স্থানিক উপাত্ত (Geospatial data) ব্যবস্থাপনা**

৬.১ ভূ-স্থানিক উপাত্ত ব্যবস্থাপনার লক্ষ্যে বিজিআইএসপি কর্তৃক জাতীয় স্থানিক ডেটা ইনফ্রাস্ট্রাকচার (NSDI) রক্ষণাবেক্ষণ ও সম্প্রচারের সুসংহত ব্যবস্থা নিশ্চিতকরণ;

৬.২ ভূ-স্থানিক উপাত্ত সংগ্রহ ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে দ্বৈততা হ্রাসকরণে পরামর্শ দান;

৬.২ অ্যানালগ বা ডিজিটাল পদ্ধতিতে প্রস্তুত/প্রণীত জিওডেটিক ডেটাসহ সমস্ত মৌলিক তথ্য, মাধ্যাকর্ষণ তথ্য, চৌম্বকীয় তথ্য, ভূ-সংস্থানগত বা ভৌগোলিক তথ্য, গগনচারী (Aerial) ফটোগ্রাফ এবং প্রাসঙ্গিক রেকর্ডসমূহ ন্যাশনাল ডেটা ফরম্যাটে (প্রযোজ্যক্ষেত্রে) ব্যবহারোপযোগী করে বিজিআইএসপি সার্ভারে সংরক্ষণ।

**৭। তথ্য–উপাত্তের গোপনীয়তা ও নিরাপত্তা**

যে কোনো প্রকার তথ্য প্রকাশের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯-এর বিধি-বিধান প্রতিপালনসহ জাতীয় নিরাপত্তার স্বার্থে সংগৃহীত তথ্যের চূড়ান্ত গোপনীয়তা আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। এই গাইডলাইনের মাধ্যমে তথ্যের মালিকানা সম্পর্কিত ও তথ্যের সংরক্ষণ পদ্ধতির নিরাপত্তার জন্য একটি কম্পিউটারইজড নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলা হবে। এ ব্যবস্থার মাধ্যমে তথ্যের নিরাপত্তাসহ তথ্যের সংরক্ষণ, ব্যবস্থাপনা সিস্টেম ইনস্টলেশন, প্রক্রিয়াকরণ এবং সংগৃহীত তথ্যের আন্তর্জাতিকমান সম্মত নিরাপত্তা বিষয়ক একটি সাধারণ গাইডলাইন তৈরি করা হবে। এছাড়া বিশেষ ধরনের তথ্যের জন্য আরও সুনির্দিষ্ট বিধি-বিধান অনুসরণ করে তথ্য সুরক্ষা নিশ্চিত করা হবে। ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা রক্ষার্থে কোনো সেবা বা তথ্য প্রদানের উদ্দেশ্যে ব্যক্তিগত তথ্যের নিরাপত্তা সংরক্ষণ করা হবে। পেশাজীবী হ্যাকার ও সমাজ বিরোধীদের অপরাধ দমনের জন্য দেশের প্রচলিত আইনের প্রয়োগ নিশ্চিত করা হবে।

২০.৪.২০২২

মোসাঃ কামরুন্নাহার
উপ-সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার